গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

জননিরাপত্তা বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের সাথে ফেব্রুয়ারি ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম খান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ · | ২৩ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি এ বিভাগের অধীনস্থ অধিদপ্তর/ সংস্থার পেন্ডিং ডাকসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন। এ ছাড়াও তিনি দপ্তর/ সংস্থার কোন কাজে সমস্যা বা জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের সাথে যোগাযোগ করে, প্রয়োজনে মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের মাধ্যমে সমাধানের গুরুত্ব আরোপ করেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)- কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

জানুয়ারি/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন:

সভায় গত সভার কার্যবিবরণীর পাঠ করা হয় এবং কোন সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতপর কার্যপত্র মোতাবেক গত সভার সিদ্ধান্তসমূহ এবং এর বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

**অধিদপ্তর/সংস্থাসমূহের পেন্ডিং:**

| অধিদপ্তর/ সংস্থার নাম | মন্ত্রণালয় হতে অধিদপ্তর/সংস্থায় পেন্ডিং | অধিদপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে পেন্ডিং | আন্তঃ মন্ত্রণালয় (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরিত) পেন্ডিং | মন্তব্য |
|---|---|---|---|---|
| বাংলাদেশ পুলিশ | ১৫৭ | ২৬৯ | ৬৫ | |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ১০ | ৪০ | ৩৬ | |
| আনসার ও ভিডিপি | ১১ | ০৭ | ০০ | |
| কোষ্ট গার্ড | ০০ | ১৩ | | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | - | - | - | |
| তদন্ত সংস্থা | - | - | - | |

**ই-নথি কার্যক্রম:**

**(০১ - ৩১ জানুয়ারি, ২০২৩)**

| দপ্তর/সংস্থা | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট | মোট পত্রজারি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ০ | ২০ | ৩০৯ | ৩২৯ | ৬৭৩ | |
| বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | ৭ | ৫৪ | ২৩ | ৮৪ | ২৭ | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ৬ | ১৫ | ৪৬ | ৬৭ | ৫৩ | |
| তদন্ত সংস্থা (আইসিটি) | ই-নথি সিস্টেমে নতুন যোগদান করেছে। | | | | | |

**ই-টেন্ডার:**

সভায় ই-টেন্ডারিং বিষয়ে আলোচনা করা হয়। দপ্তর/ সংস্থার ই-টেন্ডারিং এর পরিসংখ্যান নিম্নরূপঃ

| অধিদপ্তর/ সংস্থার নাম | মোট টেন্ডার | ই-টেন্ডার | ই-টেন্ডারের শতকরা হার | টেন্ডারিং-এ মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং-এ জড়িত অর্থের পরিমান | গতমাসে ই-টেন্ডারের সংখ্যা ও | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | শতকরা হার | |
|---|---|---|---|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ৫০টি | ১৩টি | ২৬% | - | ১৮,৫০,৪৮,২৮০/- | ১৭টি<br>২১.৫১% | |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ০৬ | - | - | ৪,০৯,৩৭,০০০ | - | - | |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | ১৭টি | ১৩টি | ৭৬.৪৭% | ১৬,০২,৪৪,৪৩২.০৬ | ৮,৫৪,১০,৩২০.০৬ | ০৩টি<br>১৪.২৮% | |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ০২ টি | - | - | ৩,৩৬,৭৪,৬০০/০০ | - | - | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ২৬ | ১০ | ৩৮.৪৬% | ২৭,৫৬,৪৮,২৫০ | ১,৩০.৮৪,৪৩৫ | ০২টি<br>১০০% | |
| তদন্ত সংস্থা | - | - | - | - | - | - | |

**অডিট আপত্তি:**

দপ্তর সংস্থার প্রতিনিধিগণ স্ব স্ব দপ্তরের অডিট সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন যা নিম্নরূপঃ

| অধিদপ্তর/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ ( কোটি টাকায় ) | নিস্পত্তির সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায় ) | জের জড়িত টাকা (কোটি টাকায় ) |
|---|---|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ১৫৮৩টি | ১৪৫৩.৯১ | ১৩টি | ২.৪০ | ১৫৭০ টি<br>জড়িত টাকা=<br>১৪৫১.৫০ |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ৮৬ টি | ২৭২.৪২ | - | - | ৮৬ টি |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | ২৭টি | ৪১৮৮৩৬৭০৫১/- | - | - | ২৭টি<br>(৪১৮৮৩৬৭০৫১/-) |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ২৪২ টি | ১৭৪.০৬ | ১১১টি | ৫৯.১৪ | ২৩৩.২০ |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | - | - | - | - | - |
| তদন্ত সংস্থা | - | - | - | - | - |

**পেনশন কেইস:**

সভায় জননিরাপত্তা বিভাগের odhinosthদপ্তর/ সংস্থার পেন্ডিং পেনশন কেইসের তুলনামূলক চিত্র :

| অধিদপ্তর/সংস্থার নাম | গত মাসের পেন্ডিং পেনশন কেইস | আলোচ্য মাসের পেন্ডিং পেনশন কেইস | মন্তব্য |
|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ০১ টি<br>(মরহুম আবদুল করিম সরকার প্রাক্তন নিরস্ত্র পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা) | ০১ টি<br>(মরহুম আবদুল করিম সরকার প্রাক্তন নিরস্ত্র পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা) | অনিষ্পন্ন থাকার কারন: |
| বর্ডার গার্ড বাংলাদেশ | -- | -- | -- |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | -- | -- | -- |
| বাংলাদেশ কোস্ট গার্ড | -- | -- | -- |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | -- | -- | -- |
| তদন্ত সংস্থা | -- | -- | -- |

**রিট মামলা ও বিভাগীয় মামলাঃ**

সভায় জননিরাপত্তা বিভাগ ও এর অধীনস্থ/ সংস্থার রিট মামলা ও বিভাগীয়_মামলা নিয়ে আলোচনা করা হয়। পরিসংখ্যান নিম্নরূপ

| মামলাসমূহ | পূর্বের জের | নতুন প্রস্তাব | জানুয়ারি মাসে নিস্পত্তি | অনিস্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| রিট মামলাসহ অনান্য মামলা | ৫,৩০২টি | ২৩টি | ০৩টি | ৫,৩২২টি | |
| বিভাগীয় মামলা | ১০৯টি | ০০ | ১১টি | ৯৮টি | |

সভায় সভাপতি জননিরাপত্তা বিভাগ এবং দপ্তর/ সংস্থার সাথে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে দাপ্তরিক কাজকর্ম সম্পাদনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি কার্যক্রম সম্পাদনে APA, NIS, GRS, Innovation, Citizen charter ইত্যাদির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

**সিদ্ধান্তসমূহঃ**

(১) জননিরাপত্তা বিভাগের অনুবিভাগ প্রধানগণ স্ব স্ব অনুবিভাগের অধিশাখা/ শাখার কর্মকর্তা এবং দপ্তর সংস্থার প্রতিনিধিদের নিয়ে সভা করে এ বিভাগ এবং এর দপ্তর/ সংস্থায় পেন্ডিং চিঠি-পত্র দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন।

(২) Grievance Redress System (GRS) সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৩) এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং অধীনস্থ দপ্তর/ সংস্থার প্রতিনিধিদের নিয়ে e- nothi, Web Portal, APA, NIS এবং GRS বিষয়ে একটি ফলপ্রসূ প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

(৪) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রত্যেক দপ্তর/ সংস্থার ওয়েব পোর্টাল জাতীয় তথ্য বাতায়নের আদলে নিয়মিত হালনাগাদ করতে হবে।

(৫) সকল দপ্তর/ সংস্থায় ই-নথির কার্যক্রম বাড়াতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রত্যেক দপ্তর/ সংস্থা তাদের সম্পাদিত নথি/ ডাক নিষ্পত্তির শতকরা ৮৫ ভাগ ই-নথিতে সম্পন্ন করবে।

(৬) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, জেলা প্রশাসক সম্মেলন এবং মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ প্রতিবেদন প্রতিমাসের ৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৭) সরকারি নির্দেশনা মেনে সকল দপ্তর/ সংস্থায় ই-টেন্ডারিং এর কার্যক্রম বাড়াতে হবে। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমিনুল ইসলাম খান
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
২৩ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর/ সংস্থা প্রধান (সকল)
২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

26/02/2023

আশাফুর রহমান
উপসচিব